



নতুন অনুসন্ধান ওয়েবসাইট ahmadipedia.org-এর উদ্বোধন করলেন আহ্মদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান



আহ্মদীয়া মুসলিম সম্প্রদায় সম্পর্কে গবেষণার সুবিধার্থে ওয়েবসাইটটি তৈরি করেছে
আহ্মদীয়া আর্কাইভ অ্যান্ড রিসার্চ সেন্টার

আহ্মদীয়া মুসলিম জামা'ত ঘোষণা করতে পেরে আনন্দিত যে, ২ জুলাই ২০২১ তারিখে, আহ্মদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান, পঞ্চম খলীফাতুল মসীহ হযরত মির্খা মসরুর আহমদ (আই.) একটি নতুন অনলাইন গবেষণা সহায়ক ahmadipedia.org উদ্বোধন করেন, যা আহ্মদীয়া মুসলিম সম্প্রদায় সম্পর্কিত নির্ভুল ও বিশ্বাসযোগ্য তথ্য সরবরাহ করবে।

হযূর আকদাস তাঁর শুক্রবারের জুমুআর খুতবার সময় টিলফোর্ডের মুবারক মসজিদ থেকে আনুষ্ঠানিকভাবে ওয়েবসাইটটি চালু করেন।



উদ্বোধনের পর সর্বশক্তিমান আল্লাহর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে হুযূর আকদাস এর নেতৃত্বে দোয়া অনুষ্ঠিত হয়।

হুযূর আকদাস বলেন যে, আহমদীয়া আর্কাইভ অ্যান্ড রিসার্চ সেন্টার কর্তৃক প্রস্তুতকৃত অনলাইন বিশ্বকোষটি আহমদীয়া মুসলিম জামা'তের পুস্তকাদি, ঐতিহাসিক ঘটনাবলী এবং ধর্মবিশ্বাস সম্পর্কে তথ্য প্রদান করবে।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“আমি ঘোষণা করতে চাই যে, কেন্দ্রীয় আহমদীয়া আর্কাইভ অ্যান্ড রিসার্চ সেন্টার দ্বারা নির্মিত একটি আহমদীয়া এনসাইক্লোপিডিয়া (বিশ্বকোষ) আজ চালু করা হবে। আল্লাহ তা'লার অনুগ্রহে এই ওয়েবসাইটটি আহমদীয়া মুসলিম জামা'তের সদস্যদের জন্য একটি সম্পদ হবে এবং www.Ahmadipedia.org এই ঠিকানায় এতে পৌঁছানো যাবে যেখানে সার্চ ইঞ্জিনের স্টাইলে একটি হোম পেজ পাওয়া যাবে আহমদী-সম্পর্কিত অনুসন্ধান করার জন্য। একে সরল ও সহজে ব্যবহারযোগ্যভাবে সাজানো হয়েছে এবং এটি আহমদীয়া মুসলিম সম্প্রদায়ের বই, ব্যক্তিত্ব, ঘটনাবলী, ধর্মবিশ্বাস এবং স্থাপনাসমূহ সম্পর্কে মৌলিক তথ্য প্রদান করবে।



হযরত মির্যা মসরুর আহমদ (আই.) আরও বলেছেন:

“বিশ্বজুড়ে আহমদী মুসলমানদের কাছে প্রচুর পরিমাণে গুরুত্বপূর্ণ আহমদীয়াত সম্পর্কিত তথ্য রয়েছে যা কোথাও প্রকাশিত হয়নি। এজন্য, আহমদীপিডিয়ায় ‘অবদান’ এর জন্য একটি অপশন রয়েছে যেখানে লোকেরা যে কোনও প্রাসঙ্গিক বিষয়ে তাদের কাছে থাকা তথ্য, নথি এবং রেকর্ড সরবরাহ করতে পারে। তথ্য সরবরাহকারী ওয়েবসাইটে স্বয়ংক্রিয়ভাবে তথ্য আপলোড বা সম্পাদনা করতে পারবে না, বরং তারা তথ্য জমা দেবে এবং কেন্দ্রীয় দল যথাযথ যাচাইয়ের পরে এটি প্রকাশ করবে। সুতরাং, এই ওয়েবসাইটটি এমন একটি প্রকল্প হয়ে উঠবে যা সম্প্রদায়ের সকল সদস্যদের সহযোগিতায় বিকশিত এবং প্রসারিত হতে থাকবে।”

পরিশেষে, হযরত মির্যা মসরুর আহমদ (আই.) দোয়া করেন এবং বলেন:

“যারা এই প্রকল্পে কাজ করেছেন এবং অবদান রেখেছেন তাদের সবাইকে মহান আল্লাহ পুরস্কৃত করুন।”